# শনিবার ময়মনসিংহ সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমান আগামী শনিবার ময়মনসিংহ সফরে যাচ্ছেন। সফরকালে তিনি ত্রিশালে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম-এর ১২৭তম জন্মবার্ষিকী উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করবেন।

জানা গেছে, শনিবার সকাল ৯টায় ঢাকা থেকে সড়কপথে ত্রিশালের উদ্দেশে রওনা দেবেন প্রধানমন্ত্রী। দুপুরে তিনি একটি খাল পুনঃখনন কার্যক্রমের উদ্বোধন করবেন। পরে বিকেল ৩টায় ত্রিশালের ঐতিহ্যবাহী নজরুল অ্যাকাডেমি মাঠে নজরুল জয়ন্তীর মূল অনুষ্ঠানে অংশ নেবেন।

সফরসূচিতে আরও রয়েছে ত্রিশাল নজরুল অডিটরিয়ামে ময়মনসিংহ দক্ষিণ ও উত্তর জেলা বিএনপির নেতাদের সঙ্গে মতবিনিময় সভা। অনুষ্ঠান শেষে সন্ধ্যায় ঢাকার পথে রওনা হওয়ার কথা রয়েছে তার।

LENS ASIA

প্রধানমন্ত্রীর সফরকে ঘিরে ইতোমধ্যে প্রয়োজনীয় প্রস্তুতি শেষ করেছে জেলা প্রশাসন। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীও নিরাপত্তা ব্যবস্থা জোরদার করেছে।

দীর্ঘদিন পর এবার জাতীয় পর্যায়ে ত্রিশালে নজরুল জয়ন্তী উদযাপন হওয়ায় স্থানীয়দের মধ্যে উৎসবমুখর পরিবেশ তৈরি হয়েছে। তিন দিনব্যাপী আয়োজনে নজরুল অ্যাকাডেমি মাঠে মেলা, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।